(একই তারিখের একই সংখ্যক পত্রের স্থলাভিষিক্ত বলে গণ্য হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

এমএমআইএস (মনিটরিং)

নং কৃষি/ফাঃ মনিঃ ২৭৬/২০০৬/৪৮০(৯২)

তারিখঃ ০৮-০১-২০০৭ইং

বিষয় : টিএসপি, ডিএপি এবং এমওপি (পটাশ) সারে ভর্তুকি প্রদানের পদ্ধতি

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০০৬-২০০৭ অর্থবছর থেকে টিএসপি, ডিএপি এবং এমওপি সারে ভর্তুকি প্রদানের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুমোদন করা হয়েছে ঃ

(ক) কেবলমাত্র ডিএই কর্তৃক নিবন্ধিত প্রকৃত আমদানিকারকদের মাধ্যমে টিএসপি, ডিএপি এবং এমওপি (পটাশ) সার আমদানির ব্যবস্থা করে সারে সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত থাকবে।

(খ) বাৎসরিক চাহিদার নিরিখে বিএফএ'র সাথে সমন্বয়ের মাধ্যমে আমদানিকারকগণ বিনির্দেশে নির্ধারিত মানের টিএসপি, ডিএপি এবং এমওপি সার আমদানি করবেন এবং বিএডিসি সরকারী সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত পরিমাণ আমদানি করবে। আমদানিকরণের বিষয়টি বিএফএ আমদানিকারকদেরকে জানিয়ে দেবে।

(গ) 'কান্ট্রি অব অরিজিন' ও অবস্থানের কারণে সারের এফওবি মূল্য ও ফ্রেইট চার্জ এর ভিন্নতা/তারতম্য পরিলক্ষিত হয়, বিধায় ভর্তুকি প্রদানের পূর্বে সংগত কারণে এসবের ভিত্তিতে সারের সিএন্ডএফ/ সিএফআর মূল্য নিরূপন/নির্ধারণ করতে হবে।

(ঘ) সরকার কর্তৃক নিরূপিত চাহিদার সমপরিমাণ টিএসপি, ডিএপি এবং এমওপি সার আমদানি করা হলে উক্ত সারের উপরই কেবলমাত্র ভর্তুকির বিষয়টি প্রযোজ্য হবে। সারের মান নিশ্চিতকরণকল্পে প্রত্যেক কনসাইনমেন্ট এর নমুনা পরীক্ষা করতে হবে।

(ঙ) জেলা সার ও বীজ মনিটরিং কমিটি কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মাসওয়ারী চাহিদা অনুযায়ী বিসিআইসি নিয়োজিত সার ডিলারদের মাধ্যমে সার বিতরণের ব্যবস্থা নিশ্চিত করবে।

(চ) ওভার ইনভয়েস এর প্রবণতা রোধকল্পে প্রত্যেক সারের উপর দেয় ভর্তুকির পরিমাণ, প্রকার ও উৎস ভেদে নির্দিষ্টকরণ করতে হবে। আমদানি মূল্য যাই হোক না কেন বিশ্ববাজারে সারের মূল্যের সাথে সামঞ্জস্যতা রেখে এবং সার সংক্রান্ত বুলেটিন পর্যালোচনাক্রমে ও বিএডিসি'র ক্রয় মূল্যের সাথে সামঞ্জস্যতা রেখে ভর্তুকির সারের মূল্য নির্ধারিত হবে।

(ছ) মূল্য নির্ধারণ উপ-কমিটি আমদানিকারক পর্যায়ে টনপ্রতি বিক্রয় মূল্য নির্ধারণের ক্ষেত্রে উৎস ভেদে আমাদানি মূল্যের (সিএফআর/সিএন্ডএফ) সাথে স্থানীয় খরচ হিসাবে এল/সি কমিশন, পরিবহন/হ্যান্ডলিং খরচ, ব্যাংক সুদ, গুদাম ভাড়া, সংশ্লিষ্ট অন্যান্য খরচাদিসহ মোট বিনিয়োগের উপর ৩% মুনাফা যোগ করতঃ প্রত্যেক কনসাইনমেন্টের টনপ্রতি মোট আমদানি মূল্য নিরূপন করবে। নিরূপিত উক্ত আমদানি মূল্যে ২৫% ভর্তুকি ধরে মূল্য নির্ধারন ও তদারকি কমিটি কর্তৃক আমদানিকারক পর্যায়ে টনপ্রতি বিক্রয় মূল্য নির্ধারিত হবে।

(জ) আমদানিকারক কর্তৃক সার বিক্রয় সংক্রান্ত যাবতীয় দলিল জেলায়/উপজেলায় সংরক্ষণের ও ডিলার কর্তৃক সার গ্রহণের দলিলাদি যথাযথ প্রাপ্তির ভিত্তিতে ভর্তুকির টাকা ছাড় করতে হবে। প্রয়োজনে সার সংরক্ষণ ও হস্তান্তরের দলিলাদি সরেজমিনে তদন্ত করে নিশ্চিত হবার ক্ষমতা মূল্য নির্ধারণ ও তদারকি কমিটি অথবা কমিটি কর্তৃক মনোনীত ব্যক্তির থাকবে।

(ঝ) বিসিআইসি'র উৎপাদিত টিএসপি এবং ডিএপি সার ২০০৬-০৭ অর্থবছর থেকে ভর্তুকি কর্মসূচির আওতাভুক্ত হয়েছে বিধায় এক্স-ফ্যাক্টরী মূল্যের সাথে আনুষঙ্গিক ব্যয় (পরিবহণ ও হ্যান্ডলিং) ও মুনাফা ধরে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ডিলার পর্যায়ে এ সকল সারের খুচরা বিক্রয় মূল্য নির্ধারণ এবং উক্ত মূল্যে কৃষকদের নিকট সার বিক্রয় নিশ্চিত করবে।

(ঞ) বিসিআইসি কর্তৃক উৎপাদিত টিএসপি এবং ডিএপি সারের টনপ্রতি এক্স-ফ্যাক্টরী মূল্য (ডিলারের ক্রয় মূল্য) সকল জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার এবং বীজ মনিটরিং কমিটিকে উক্ত সংস্থা অবহিত করবে। জেলা কমিটি কর্তৃক ডিলারের বিক্রয় মূল্য নির্ধারণের ক্ষেত্রে এক্স-ফ্যাক্টরী মূল্য সম্পর্কে নিশ্চিত হতে হবে।

(ট) বিএডিসি'র আমদানিকৃত এবং বিসিআইসি'র উৎপাদিত সারের ক্ষেত্রে প্রকৃত বিক্রিত পরিমাণের উপর উক্ত সংস্থাদ্বয় ভর্তুকি প্রাপ্য হবে। তবে বিক্রিত সারের ভর্তুকি প্রাপ্যতার ক্ষেত্রে এ দুটি সরকারী সংস্থার বেলায় বেসরকারী আমদানিকারকদের ন্যায় প্রাপ্তি রশিদের প্রয়োজন হবে না।

(ঠ) আমদানিকারক পর্যায়ে নির্ধারিত মূল্যের সাথে আনুষাঙ্গিক ব্যয় (পরিবহণ ও হ্যান্ডলিং) ও মুনাফা ধরে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ডিলার পর্যায়ে প্রত্যেক সারের খুচরা বিক্রয় মূল্য নির্ধারণ এবং উক্ত মূল্যে কৃষকদের নিকট সার বিক্রয় নিশ্চিত করবে।

(ড) কমিটির অনুমোদিত ফরম্যাট (পরিশিষ্ট-ক) অনুসরণে বিক্রয় ও অন্যান্য কার্যক্রমের অন্তর্ভুক্তি আমদানিকারক নিশ্চিত করবেন।

(ঢ) আমদানিকারক আমদানিকৃত সারের আগমনী বার্তা (arrival report) মূল্য নির্ধারণী কমিটিকে অবহিত করবেন এবং যে জেলায় এই সার সংরক্ষণ করা হবে সে জেলার জেলা প্রশাসক ও সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করবেন। জেলা মনিটরিং কমিটির বরাদ্দ মোতাবেক উপজেলার সার ডিলারদের মধ্যে বিতরণ করবে।

(ণ) জেলার বরাদ্দের অতিরিক্ত সার যাতে সংশ্লিষ্ট ডিলারগণ উত্তোলন করতে না পারেন সে ব্যাপারে বিএফএ প্রয়োজনীয়

পদক্ষেপ গ্রহণ করবে।

(ত) ডিলারগণ সার বুঝে নিয়ে উপজেলা নির্বাহী অফিসার ও কৃষি অফিসারের নিকট আগমনী বার্তা দাখিল করবেন। আগমনী বার্তার ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার সার সরেজমিনে তদন্তপূর্বক নির্ধারিত ফরম্যাট/ বিক্রয় রশিদে স্বাক্ষর ও অফিস স্মারক নং প্রদান করে জেলা প্রশাসক ও সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট দাখিল করবেন। জেলা প্রশাসক বিক্রয় রশিদে প্রতিস্বাক্ষর করবেন। এ প্রক্রিয়া ৭(সাত) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

(থ) কোন আমদানিকারকের বর্তমান মজুদ ও গুদামজাত সারের ব্যাপারে মামলা/ মোকাদ্দমা থাকলে সেই মজুদের অভিযোগকৃত পরিমাণ সার ভর্তুকি/সহায়তার আওতাভুক্ত হবেনা। যদি কোন আমদানিকারক এ সংক্রান্ত তথ্য গোপন করে ভর্তুকি/সহায়তার সুবিধা নিয়েছেন বলে পরবর্তীতে প্রমাণিত হয় তাহলে নিবন্ধন বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(দ) ভর্তুকির সুবিধা যাতে কৃষক পেতে পারেন তা নিশ্চিতকরণে বিএডিসি ও বেসরকারী খাতে আমদানিকৃত টিএসপি, ডিএপি এবং এমওপি সার ডিলারদের মাধ্যমে বিতরণ, সরবরাহ, মূল্য পরিস্থিতিসহ সংশ্লিষ্ট বিষয়াদি কৃষি মন্ত্রণালয়কে নিয়মিত ঘনিষ্টভাবে মনিটরিং করতে হবে। এর জন্য বর্তমান মনিটরিং ব্যবস্থাকে আরও শক্তিশালী করাসহ এর কার্যক্রম জোরদার করতে হবে।

(ধ) বিসিআইসি জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সাথে সমন্বয় রক্ষা করে তাদের নিয়োজিত সার ডিলারদের মাধ্যমে ভর্তুকির সার বিক্রয়ের বিষয়টি মনিটরিং করবে।

(ন) আমদানিকারক পর্যায়ে মূল্য নির্ধারণের লক্ষ্যে এবং প্রয়োজনে সারের মজুদ যাচাই/ সরেজমিনে পরিদর্শন করার জন্য পৃথক পৃথক দু'টি উপ-কমিটি কাজ করবে।

(প) কমিটির সুপারিশক্রমে কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে যে কোন সময়ে এ পদ্ধতি পরিমার্জন ও পরিবর্তন করা যাবে।

২। পুনরাদেশ না দেয়া পর্যন্ত উপরোক্ত পদ্ধতি অনুসরণে ভর্তুকি কার্যক্রম পরিচালিত হবে।

(মোঃ আবুল বাশার) ৮/৮/০৯
উপ-প্রধান

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়)

১। সচিব, শিল্প মন্ত্রণালয়
: সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
: চেয়ারম্যান, বিসিআইসি/বিএডিসি
: মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
: বিভাগীয় কমিশনার (সকল)
: জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ( সকল )
: কৃষি উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়
: শিল্প উপদেষ্টার একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
: অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রঃ অধিদপ্তর, আঞ্চলিক অফিস --------------
(অঞ্চলস্থ সকল উপ-পরিচালকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
: চেয়ারম্যান, বিএফএ ( তিনি সকল আমদানিকারককে অবহিত করবেন )
: মুখ্য সচিব এর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়
: সচিব এর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়

<u>পরিশিষ্ট-ক</u>

<u>ভর্তুকি প্রদত্ত টিএসপি, ডিএপি ও এমওপি সারের আমদানিকারক কর্তৃক বিক্রয়ের রশিদ</u>

তারিখ : ---------------

০১। ক্রেতার নাম : ------------------------------------------
০২। ক্রেতার নিবন্ধন নম্বর :------------------------------------------
০৩। ক্রেতার পূর্ণ ঠিকানা :------------------------------------------
০৪। উপজেলার নাম : ------------------------ জেলার নাম :------------------------
০৫। সারের নাম : ------------------------------------------
০৬। কোন দেশ হতে আমদানিকৃত : ------------------------ সারের রং/বর্ণ :------------------------
০৭। সারের মূল্য ( প্রতিবস্তা টাকা) : ------------------------------------------
০৮। সর্বমোট মূল্য ( টাকা ) :------------------------------------------
০৯। পরিমাণ ( মে.টনে ) : ---------- ----------বস্তায় :------------------------
১০। আমদানিকারকের নাম : ------------------------------------------
১১। আমদানিকারকের নিবন্ধন নম্বর :------------------------------------------
১২। ঠিকানা : ------------------------------------------
১৩। এল/সি নম্বর ও ব্যাংকের নাম : ------------------------ তাং :------------------------
১৪। জাহাজের নাম : ------------------------------------------
১৫। কৃষি মন্ত্রণালয়ের অনুমতি নং : ------------------------তাং------------------------
১৬। মূল্য নির্ধারণ ও তদারকি কমিটির আমদানি পর্যায়ে নির্ধারিত মূল্য ( টাকা ) :------------------------

--------------------
ডিলারের স্বাক্ষর
তারিখ : -------------------

--------------------
আমদানিকারকের স্বাক্ষর ও সিল
তারিখ------------------------------

( উপজেলা নির্বাহী অফিসার )

জেলা প্রশাসক/ সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি